

স্মারক নং : SARC/LEGAL/NO/2026/08/29

তাং-২৯/০৮/২০২৬

শরীয়াহ কনসালটেন্সি ডিড সমাপ্তির নোটিশ

তারিখ: ২৯/০৮/২০২৬

বরাবর

সম্মানিত চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক

আমানাহ ফিনটেক (হালাল ইনভেস্টমেন্ট)

বাসা- A-1/4, রোড- N/S, ব্লক- A, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯।

বিষয়: শরীয়াহ কনসালটেন্সি সেবা চুক্তি বাতিল প্রসঙ্গে।

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহ।

সালাম ও শুভেচ্ছা গ্রহণ করবেন।

এ মর্মে জানানো যাচ্ছে যে, SARC (Shariah Advisory & Research Centre) এবং আমানাহ ফিনটেক (হালাল ইনভেস্টমেন্ট)-এর মধ্যে ১৭ নভেম্বর ২০২৪ তারিখে সম্পাদিত শরীয়াহ কনসালটেন্সি ডিড-এর মাধ্যমে SARC আপনার প্রতিষ্ঠানে শরীয়াহ বিষয়ক কনসালটেন্সি, পরামর্শ ও প্রয়োজনীয় শরীয়াহ নির্দেশনা প্রদান করে আসছিল। উক্ত চুক্তির মেয়াদ পূর্ণ হওয়ার পর বিগত ০১/১১/২০২৫ তারিখে আরো ১ বছরের জন্য চুক্তি নবায়ন করা হয়। যার মেয়াদ ০১/১০/২০২৬ পর্যন্ত নির্ধারিত ছিল। এর মধ্যে মোট ৬৭ টি প্রজেক্ট এসএআরসি থেকে অনুমোদন করা হয়। উক্ত প্রজেক্টগুলোর মধ্যে কয়েকটি প্রজেক্টে শরীয়াহ সংশ্লিষ্ট বিশেষ কিছু প্রশ্ন দেখা দেওয়ার কারণে এসএআরসি কর্তৃপক্ষ বিগত ১৫/০৭/২০২৬ তারিখে আমানাহ ফিনটেকের প্রতি চুক্তি বাতিল বিষয়ে আলোচনার জন্য একটি নোটিশ প্রেরণ করে। যার প্রেক্ষিতে আমানাহ ফিনটেক কর্তৃপক্ষ এসএআরসি অফিসে উপস্থিত হয়ে সেসব প্রশ্নগুলোর যথাযথ উত্তর প্রদান করেন ও সংশ্লিষ্ট বিষয়ে শরীয়াহ সম্মত ব্যবস্থা গ্রহণে আন্তরিকতা প্রকাশ করেন। ফলে সে সময়ে এসএআরসি চুক্তি বাতিল সংক্রান্ত নোটিশটি প্রত্যাহার করে নেয়।

বর্তমানে SARC-এর নিজস্ব শরীয়াহ গবেষণা, ইসলামিক এডুকেশন, শরীয়াহ-সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম এবং অন্যান্য প্রতিষ্ঠানের জন্য চলমান কনসালটেন্সি ও পেশাগত দায়িত্বের পরিধি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। এর ফলে বিভিন্ন ধরনের দায়িত্ব ও কাজ একই সময়ে জমা হওয়ায় SARC-এর ওপর কাজের চাপও উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে। বর্তমান পরিস্থিতিতে পূর্বের ন্যায় প্রয়োজনীয় সময়, মনোযোগ ও ধারাবাহিকতার সঙ্গে আমানাহ ফিনটেকের শরীয়াহ কনসালটেন্সি সেবা অব্যাহত রাখা SARC-এর জন্য ক্রমশ কঠিন হয়ে পড়ছে।



স্মারক নং : SARC/LEGAL/NO/2026/08/29

তাং-২৯/০৮/২০২৬

এছাড়াও SARC-এর সঙ্গে বর্তমান শরীয়াহ কনসালটেন্সি চুক্তি সম্পাদনের পূর্বে আমানাহ ফিনটেক (হালাল ইনভেস্টমেন্ট)-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন প্রকল্প/কার্যক্রম সংক্রান্ত বিষয়ে পূর্ববর্তী বিনিয়োগকারীদের পক্ষ থেকে বিভিন্ন অভিযোগ ও অসন্তোষের বিষয় SARC-এর নিকট আসতে থাকে। উক্ত বিষয়সমূহ SARC-এর বর্তমান চুক্তিবদ্ধ দায়িত্ব বা দায়বদ্ধতার অন্তর্ভুক্ত নয়। তথাপি, এসব অভিযোগের প্রেক্ষিতে SARC-এর নাম ও পেশাগত ভাবমূর্তি সংশ্লিষ্ট হওয়ায় SARC অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির সম্মুখীন হচ্ছে।

বিশেষভাবে উল্লেখ্য, এসব বিষয়কে কেন্দ্র করে কিছু ব্যক্তি SARC-এর প্রতিনিধিদের সঙ্গে অশোভন, আপত্তিকর ও অনভিপ্রেত ভাষায় যোগাযোগ করছেন এবং SARC-এর বিরুদ্ধে অসত্য, বিভ্রান্তিকর ও ভিত্তিহীন অভিযোগ/অপবাদ প্রচারের ঘটনাও ঘটছে। এর ফলে SARC-এর পেশাগত সুনাম ও ভাবমূর্তি ক্ষুণ্ণ হওয়ার আশঙ্কা সৃষ্টি হয়েছে এবং স্বাভাবিক পেশাগত কার্যক্রমও অনাকাঙ্ক্ষিতভাবে প্রভাবিত হওয়ার ঝুঁকি তৈরি হয়েছে।

এ ধরনের পরিস্থিতি ভবিষ্যতে এড়ানো, SARC-এর পেশাগত সুনাম ও ভাবমূর্তি সংরক্ষণ এবং SARC-এর স্বাভাবিক ও অন্যান্য গুরুত্বপূর্ণ কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার স্বার্থে, SARC কর্তৃপক্ষ বিষয়টি সামগ্রিকভাবে বিবেচনা করে নিজস্ব সিদ্ধান্তে আমানাহ ফিনটেক (হালাল ইনভেস্টমেন্ট)-এর সঙ্গে বিদ্যমান শরীয়াহ কনসালটেন্সি ডিডের চুক্তি সমাপ্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

অতএব, ১৭ নভেম্বর ২০২৪ তারিখে সম্পাদিত শরীয়াহ কনসালটেন্সি ডিডটি ডিডে বর্ণিত প্রযোজ্য শর্তাবলি ও নোটিশের মেয়াদ অনুসরণ সাপেক্ষে ২৯/০৮/২০২৬ তারিখ হতে কার্যকরভাবে সমাপ্ত করা হলো।

বি. দ্র. চুক্তি বাতিলের পর উভয় পক্ষের করণীয় ও আমানাহ ফিনটেকের সাথে এসএআরসির দীর্ঘ কার্যক্রম পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে ইনশাআল্লাহ।

	
মুফতী মাসুম বিল্লাহ Chairman & Head of Consultancy, SARC	মুফতী ইলহিয়াস হুসাইন Managing Director & Shariah Consultant SARC

